গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
তথ্য অধিদফতর
বাংলাদেশ সচিবালয়
ঢাকা

# সংবাদ গতিধারা

জাতীয় দৈনিকসমূহে প্রকাশিত সংবাদ, সম্পাদকীয়'র সারসংক্ষেপ, গুরুত্বপূর্ণ নিবন্ধ ও ফিচারের সংক্ষিপ্তসার

সংখ্যা ১২২/২০১৮-১৯

ঢাকা, রোববার ২৩ ডিসেম্বর ২০১৮, ৯ পৌষ ১৪২৫

আজকের দৈনিক পত্রিকাগুলো নিম্নলিখিত বিষয় প্রাধান্য দিয়ে খবর ছেপেছে

১। আবার ক্ষমতায় এলে দারিদ্র্য থাকবে না : সিলেটে নির্বাচনি জনসভায় প্রধানমন্ত্রী

২। প্রধানমন্ত্রীর সঙ্গে ফিলিস্তিনের গ্র্যান্ড মুফতির সাক্ষাৎ

৩। আজ প্রধানমন্ত্রীর জনসভা তারাগঞ্জ ও পীরগঞ্জে

৪। ভোটারদের আস্থা অর্জন করতে হবে : সিইসি

৫। নির্বাচন প্রতিযোগিতার পরিবর্তে যেন প্রতিহিংসায় পরিণত না হয় : যশোরে মতবিনিময়কালে ইসি কবিতা খানম

৬। এদেশের নির্বাচনে জনগণের যে স্বতঃস্ফূর্ত অংশগ্রহণ, সত্যিকার অর্থে তা অসাধারণ : মার্কিন রাষ্ট্রদূত

৭। দেশ এখন উন্নয়নের রোল মডেল : শিল্পমন্ত্রী

৮। আবারো ক্ষমতায় এলে দেশের শিক্ষাব্যবস্থা আধুনিক করা হবে : পরিকল্পনামন্ত্রী

৯। কর আদায়ে জনগণকে হয়রানি করলে কঠোর ব্যবস্থা : এনবিআর চেয়ারম্যান

১০। প্লাস্টিক পণ্যের রপ্তানি আয় বেড়েছে ৩০ শতাংশ

১১। নির্বাচনের কারণে টেকনাফ-সেন্টমার্টিন নৌরুটে ৪ দিন জাহাজ চলাচল বন্ধ থাকবে

১২। টানা চার দিন ব্যাংক লেনদেন বন্ধ : বাংলাদেশ ব্যাংকের প্রজ্ঞাপন

১৩। জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান জাতীয় গোল্ডকাপ ফুটবল টুর্নামেন্ট (অনূর্ধ্ব-১৭) এর ফাইনাল খেলা আজ

চলমান পাতা-২

=২=

**১। আবার ক্ষমতায় এলে দারিদ্র্য থাকবে না : সিলেটে নির্বাচনি জনসভায় প্রধানমন্ত্রী**

প্রধানমন্ত্রী শেখ হাসিনা বলেছেন, গত ১০ বছরে বাংলাদেশ বিশ্বের কাছে অর্থনৈতিক সমৃদ্ধির রোল মডেল হিসেবে পরিচিতি পেয়েছে। আজ অর্থনৈতিক প্রবৃদ্ধি আট ভাগ ছাড়িয়ে গেছে। বিদ্যুৎ উৎপাদন ২০ হাজার মেগাওয়াটে উন্নীত হয়েছে। ডিজিটাল বাংলাদেশ প্রতিষ্ঠা করা হয়েছে। এখন বাংলাদেশিরা বিদেশে গেলে মানুষ সম্মানের চোখে তাকায়, মর্যাদা দেয়। আওয়ামী লীগ আবার ক্ষমতায় এলে দেশে দারিদ্র্য বলে কিছু থাকবে না। গতকাল (২২ ডিসেম্বর শনিবার) সিলেটের ঐতিহাসিক আলিয়া মাদ্রাসা মাঠে আওয়ামী লীগ আয়োজিত নির্বাচনি জনসভায় তিনি এসব কথা বলেন। জনসভায় দেশকে সমৃদ্ধির পথে এগিয়ে নিতে এবং আত্মমর্যাদা সমুন্নত রাখতে আবারও নৌকায় ভোট দেওয়ার আহ্বান জানান প্রধানমন্ত্রী। সূত্র-**সমকাল** (পৃ.১,ক.১), **ইত্তেফাক** (পৃ.১,ক.১), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.১,ক.৫), **ডেইলি সান** (পৃ.১,ক.২)।

**২। প্রধানমন্ত্রীর সঙ্গে ফিলিস্তিনের গ্র্যান্ড মুফতির সাক্ষাৎ**

প্রধানমন্ত্রী শেখ হাসিনা স্বাধীন ফিলিস্তিনের প্রতি বাংলাদেশের অবিচল অঙ্গীকার পুনর্ব্যক্ত করেছেন। তিনি বলেছেন, বাংলাদেশ ফিলিস্তিনের অধিকারের প্রতি তার অঙ্গীকার অব্যাহত রাখবে এবং সবসময় দেশটির জনগণের পাশে দাঁড়াবে। আল-আকসা মসজিদ ও ফিলিস্তিন রাষ্ট্রের গ্র্যান্ড মুফতি শেখ মোহাম্মদ আহমেদ হোসাইন গতকাল (২২ ডিসেম্বর শনিবার) প্রধানমন্ত্রীর সরকারি বাসভবন গণভবনে তাঁর সঙ্গে সৌজন্য সাক্ষাৎ করতে এলে তিনি এ অঙ্গীকার করেন। এ সময় ফিলিস্তিন ও বাংলাদেশের মধ্যে বিদ্যমান সম্পর্কের ব্যাপারে সন্তোষ প্রকাশ করে গ্র্যান্ড মুফতি বলেন, বাংলাদেশ আমাদের দ্বিতীয় নিবাস। তিনি বঙ্গবন্ধুকে একজন 'মহান মানুষ' উল্লেখ করে ফিলিস্তিনের প্রতি অকুণ্ঠ সমর্থনের জন্য মহান নেতা বঙ্গবন্ধুর প্রতি তাঁর কৃতজ্ঞতা প্রকাশ করেন। প্রধানমন্ত্রীর উদ্দেশে তিনি বলেন, কেবল আমাদের প্রেসিডেন্ট নন, ফিলিস্তিনের সব মানুষ আপনাকে ফিলিস্তিন সফরের আমন্ত্রণ জানায়। গ্র্যান্ড মুফতি 'জেরুজালেম ফিলিস্তিনের চিরদিনের কেন্দ্রীয় রাজধানী' শীর্ষক একটি সম্মেলনে প্রধানমন্ত্রী শেখ হাসিনাকে আমন্ত্রণ জানান। সূত্র-**সমকাল** (পৃ.২,ক.১), **ইত্তেফাক** (পৃ.১৯,ক.৮), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.১,ক.১), **নিউ এজ** (পৃ.১১,ক.২)।

**৩। আজ প্রধানমন্ত্রীর জনসভা তারাগঞ্জ ও পীরগঞ্জে**

প্রধানমন্ত্রী ও আওয়ামী লীগ সভাপতি শেখ হাসিনা নির্বাচনি সফরে আজ (২৩ ডিসেম্বর রোববার) রংপুর যাচ্ছেন। তিনি তারাগঞ্জ ও পীরগঞ্জে জনসভায় ভাষণ দেবেন। সকালে বিমানে সৈয়দপুর পৌঁছার পর তিনি রংপুরের তারাগঞ্জে জনসভায় ভাষণ দেবেন। তারাগঞ্জে জনসভাশেষে পীরগঞ্জের লালদীঘির ফতেহপুরের জয়সদনে নিজ বাসভবনে পৌঁছবেন তিনি। এ সময় স্বামীর কবর জিয়ারত এবং পরিবারের সদস্যদের সঙ্গে কুশল বিনিময় করে বেলা আড়াইটায় উপজেলা সদরের পীরগঞ্জ সরকারি উচ্চ বিদ্যালয় মাঠে জনসভায় ভাষণ দেবেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। সূত্র-**সমকাল** (পৃ.২,ক.৫), **সংবাদ** (শেষ পৃ,ক.১), **নিউজ টুডে** (শেষ পৃ,ক.২), **ফিনানশিয়াল এক্সপ্রেস** (পৃ.১,ক.১)।

**৪। ভোটারদের আস্থা অর্জন করতে হবে : সিইসি**

প্রধান নির্বাচন কমিশনার কে এম নূরুল হুদা বলেছেন, সারাদেশে নির্বাচন নিয়ে উৎসবমুখর ও শান্তিপূর্ণ পরিবেশ বিরাজ করছে। নির্বাচনের আগে ও পরে যে কোনো পরিস্থিতি মোকাবিলা করতে আইনশৃঙ্খলা বাহিনী প্রস্তুত থাকবে। তবে কর্মকর্তাদের ভোটারদের আস্থা অর্জন করতে হবে। গতকাল (২২ ডিসেম্বর শনিবার) শহরের অ্যাডভোকেট তারেক স্মৃতি অডিটোরিয়ামে নির্বাচনে ময়মনসিংহ বিভাগীয় মাঠ পর্যায়ের কর্মকর্তাদের সঙ্গে মতবিনিময় সভায় তিনি এসব কথা বলেন। সিইসি বলেন, ভোট প্রদান ও ফিরে যাওয়ার সময় ভোটারদের নিরাপত্তা নিশ্চিত করতে হবে। বিশেষকরে সংখ্যালঘু সম্প্রদায় যেন সুষ্ঠুভাবে ভোট দিতে পারে, সেদিকে আইনশৃঙ্খলা রক্ষাকারী বাহিনীর নজর রাখতে হবে। সূত্র-**সমকাল** (শেষ পৃ,ক.৬), **ইত্তেফাক** (শেষ পৃ,ক.৫), **নিউজ টুডে** (পৃ.১,ক.৫), **ডেইলি সান** (শেষ পৃ,ক.৪)।

**৫। নির্বাচন প্রতিযোগিতার পরিবর্তে যেন প্রতিহিংসায় পরিণত না হয় :**
**যশোরে মতবিনিময়কালে ইসি কবিতা খানম**

নির্বাচন কমিশনার (ইসি) কবিতা খানম বলেছেন, আমরা প্রশ্নবিদ্ধ নির্বাচন উপহার দিতে চাইনা। নির্বাচনে যার ওপর যে দায়িত্ব আছে, তা যথাযথভাবে পালন করার চেষ্টা করবেন। নির্বাচনটা যেন প্রতিযোগিতার পরিবর্তে প্রতিহিংসায় পরিণত না হয়। গতকাল (২২ ডিসেম্বর শনিবার) যশোরের মণিরামপুর উপজেলা অডিটোরিয়ামে প্রিজাইডিং অফিসারদের প্রশিক্ষণ উপলক্ষ্যে আয়োজিত এক মতবিনিময় সভায় প্রধান অতিথির বক্তব্যে তিনি এসব কথা বলেন। সূত্র-**বণিক বার্তা** (পৃ.২,ক.১) **নিউ নেশন** (পৃ.৩,ক.১)।

=৩=

**৬। এদেশের নির্বাচনে জনগণের যে স্বতঃস্ফূর্ত অংশগ্রহণ, সত্যিকার অর্থে তা অসাধারণ : মার্কিন রাষ্ট্রদূত**

বাংলাদেশে নিযুক্ত যুক্তরাষ্ট্রের রাষ্ট্রদূত আর্ল রবার্ট মিলার বলেছেন, এদেশের নির্বাচনে জনগণের যে স্বতঃস্ফূর্ত অংশগ্রহণ, সত্যিকার অর্থে তা অসাধারণ। নির্বাচনের দিন যে উৎসবমুখর পরিবেশ বিরাজ করে তা দেখে আমি সত্যিই অভিভূত। যে কারণে এদেশে গণতান্ত্রিক প্রক্রিয়ায় উৎসবমুখর পরিবেশে নির্বাচন অনুষ্ঠিত হতে হবে। এ প্রক্রিয়ায় সব রাজনৈতিক দলই নিরাপদে এবং শান্তিপূর্ণভাবে নির্বাচনে অংশগ্রহণ করতে পারবে। তাদের সারাদেশে মতপ্রকাশের, শান্তিপূর্ণভাবে সভাসমাবেশ, র‍্যালি করার স্বাধীনতা দিতে হবে। আজকে যেমন শক্তিশালী গণতন্ত্রের চর্চা হচ্ছে, তা

নির্বাচনের দিনও অব্যাহত রাখতে হবে। এজন্য আমি সবাইকে আসন্ন নির্বাচনে অংশগ্রহণের আহ্বান জানাচ্ছি। গতকাল (২২ ডিসেম্বর শনিবার) আন্তঃবিশ্ববিদ্যালয় বিতর্ক উৎসবের সমাপনী পর্বের আলোচনাসভায় বিশেষ অতিথির বক্তব্যে এসব কথা বলেন তিনি। সূত্র-**সংবাদ** (পৃ.১৩,ক.৫), **যুগান্তর** (শেষ পৃ,ক.৪), **অবজারভার** (পৃ.৩,ক.৬), **ডেইলি সান** (শেষ পৃ,ক.২)।

**৭। দেশ এখন উন্নয়নের রোল মডেল : শিল্পমন্ত্রী**

শিল্পমন্ত্রী আমির হোসেন আমু বলেছেন, প্রধানমন্ত্রী শেখ হাসিনা ক্ষমতায় আছেন বলেই বিশ্বে বাংলাদেশ এখন উন্নয়নের রোল মডেল। বাংলাদেশ বিশ্ব দরবারে এখন একটি প্রতিষ্ঠিত নাম। উন্নয়নের রোল মডেল হিসেবে বাংলাদেশ এখন সারা বিশ্বে পরিচিতি পেয়েছে। এশিয়ার উন্নয়নের লক্ষ্যমাত্রার দিক থেকে এগিয়ে থাকা দু'টি দেশের মধ্যে আমাদের দেশ জায়গা করে নিয়েছে। প্রধানমন্ত্রী শেখ হাসিনার দক্ষ রাষ্ট্র পরিচালনার জন্যই এগুলো সম্ভব হয়েছে বলেও মন্তব্য করেন শিল্পমন্ত্রী। গতকাল (২২ ডিসেম্বর শনিবার) ঝালকাঠির নলছিটি উপজেলার মোল্লারহাট বাজারে নির্বাচনি পথসভায় এসব কথা বলেন শিল্পমন্ত্রী। সূত্র-**যুগান্তর** (পৃ.১৮,ক.১)।

**৮। আবারো ক্ষমতায় এলে দেশের শিক্ষাব্যবস্থা আধুনিক করা হবে : পরিকল্পনামন্ত্রী**

পরিকল্পনামন্ত্রী আ হ ম মুস্তফা কামাল বলেছেন, আগামীতে ক্ষমতায় আসলে দেশে আধুনিক শিক্ষাব্যবস্থা চালু করা হবে। আমরা জ্ঞাননির্ভর শিক্ষাব্যবস্থা গড়ে তুলবো। প্রত্যেকটি শিক্ষাপ্রতিষ্ঠানে রোবোটিক শিক্ষা এবং মেডিক্যাল সায়েন্স থেকে শুরু করে আধুনিক ক্লাশরুম হবে। আমাদের শক্তি যুবসমাজ। তাদেরকে উপযুক্ত শিক্ষা ও প্রশিক্ষণ দিয়ে দেশ পরিচালনার উপযোগী করে গড়ে তুলবো। শতভাগ চাকুরির ব্যবস্থা করা হবে। গতকাল (২২ ডিসেম্বর শনিবার) কুমিল্লার নাঙ্গলকোটের ময়ুরা উচ্চ বিদ্যালয় মাঠে নির্বাচনি পথসভায় প্রধান অতিথির বক্তব্যে এসব কথা বলেন পরিকল্পনামন্ত্রী। সূত্র-**ইত্তেফাক** (শেষ পৃ,ক.৫)।

**৯। কর আদায়ে জনগণকে হয়রানি করলে কঠোর ব্যবস্থা : এনবিআর চেয়ারম্যান**

কর আদায়ের সময় কোনও কর্মকর্তা-কর্মচারী জনগণকে হয়রানি করলে কঠোর ব্যবস্থা গ্রহণ করা হবে বলে মন্তব্য করেছেন জাতীয় রাজস্ব বোর্ডের (এনবিআর) চেয়ারম্যান মো. মোশাররফ হোসেন ভূঁইয়া। গতকাল (২২ ডিসেম্বর শনিবার) এফডিসিতে আয়োজিত 'জনবান্ধব কর ব্যবস্থাপনা' শীর্ষক এক সংসদীয় বিতর্কে তিনি এ মন্তব্য করেন। 'ডিবেট ফর ডেমোক্রেসি'র সহযোগিতায় আয়োজিত এ বিতর্কে তিনি প্রধান অতিথি ছিলেন। সূত্র-**সংবাদ** (পৃ.১৩,ক.৫), **ভোরের কাগজ** (শেষ পৃ,ক.২), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.১১,ক.২), **নিউজ টুডে** বিজনেস পাতা (পৃ.১,ক.১)।

**১০। প্লাস্টিক পণ্যের রপ্তানি আয় বেড়েছে ৩০ শতাংশ**

দেশে ক্রমেই বাড়ছে প্লাস্টিক পণ্যের বহুমুখী ব্যবহার। অভ্যন্তরীণ বিপুল চাহিদা মিটিয়ে বর্তমানে এ খাতের রপ্তানিও দ্রুত সম্প্রসারিত হচ্ছে। চলতি ২০১৮-১৯ অর্থবছরের প্রথম ৫ মাসে (জুলাই-নভেম্বর) আন্তর্জাতিক বাজারে প্লাস্টিক পণ্য বিক্রয় থেকে রপ্তানি আয় হয়েছে ৪ কোটি ৮৭ লাখ মার্কিন ডলার। যা বিগত ২০১৭-১৮ অর্থবছরের একই সময়ের তুলনায় ৩০ শতাংশ বেশি। চলতি অর্থবছরে প্লাস্টিক পণ্য থেকে দশ কোটি মার্কিন ডলারের রপ্তানি আয়ের লক্ষ্যমাত্রা রয়েছে। রপ্তানি উন্নয়ন ব্যুরো (ইপিবি) এবং বাংলাদেশ প্লাস্টিক পণ্য প্রস্তুতকারক ও রপ্তানিকারক সমিতি'র (বিপিজিএমইএ) সূত্রমতে এ তথ্য জানা গেছে। সূত্র-**সংবাদ** (পৃ.১৩,ক.১), **ডেইলি সান** বিজনেস পাতা (পৃ.১,ক.১)।

**১১। নির্বাচনের কারণে টেকনাফ-সেন্টমার্টিন নৌরুটে ৪ দিন জাহাজ চলাচল বন্ধ থাকবে**

একাদশ জাতীয় সংসদ নির্বাচনের কারণে আগামী ২৮-৩১ ডিসেম্বর পর্যন্ত ৪ দিন টেকনাফ-সেন্টমার্টিন পর্যটকবাহী জাহাজ চলাচল বন্ধ রাখার নির্দেশ দেওয়া হয়েছে। নির্বাচনে নিরাপত্তার কথা মাথায় রেখে এ সিদ্ধান্ত নেওয়া হয়েছে। ফলে দেশি-বিদেশি কোনোও পর্যটক সেন্টমার্টিনে ভ্রমণে যেতে পারবে না। গতকাল (২২ ডিসেম্বর শনিবার) কক্সবাজারের অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব) এ বিষয়টি নিশ্চিত করেছেন। সূত্র-**সংবাদ** (পৃ.৪,ক.৮), **ভোরের কাগজ** (পৃ.৩,ক.১), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.২,ক.১), **নিউ নেশন** (শেষ পৃ,ক.১)।

**=৪=**

**১২। টানা চার দিন ব্যাংক লেনদেন বন্ধ : বাংলাদেশ ব্যাংকের প্রজ্ঞাপন**

সাপ্তাহিক ছুটি, নির্বাচনের জন্য সাধারণ ছুটি ও ব্যাংক হলিডে মিলিয়ে ২০১৮ সালের শেষ চার দিন (২৮-৩১ ডিসেম্বর) ব্যাংকের লেনদেন বন্ধ থাকবে। এ সময় আর্থিক প্রতিষ্ঠানগুলোতেও লেনদেন হবে না। এ কারণে ২৭ ডিসেম্বর হবে শেষ কার্যদিবস। এদিনই চূড়ান্ত হবে ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানগুলোর বার্ষিক হিসাব। বাংলাদেশ ব্যাংক এ নিয়ে পৃথক দু'টি প্রজ্ঞাপন জারি করেছে। সূত্র-**যুগান্তর** (পৃ.২,ক.৭)।

**১৩। জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান জাতীয় গোল্ডকাপ ফুটবল টুর্নামেন্ট (অনূর্ধ্ব-১৭) এর ফাইনাল খেলা আজ**

জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান জাতীয় গোল্ডকাপ ফুটবল টুর্নামেন্ট (অনূর্ধ্ব-১৭) এর ফাইনাল খেলা আজ (২৩ ডিসেম্বর রোববার) অনুষ্ঠিত হবে। বঙ্গবন্ধু জাতীয় স্টেডিয়ামে রাজশাহী ও রংপুর বিভাগীয় দলের মধ্যে অনুষ্ঠিত হবে এ চূড়ান্ত খেলা। প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে বিজয়ীদের মধ্যে পুরস্কার বিতরণ করবেন রাষ্ট্রপতি মোঃ আবদুল হামিদ। গত ১ সেপ্টেম্বর থেকে প্রথমবারের মতো দেশব্যাপী শুরু হয় জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান জাতীয় গোল্ডকাপ ফুটবল টুর্নামেন্ট (অনূর্ধ্ব-১৭)। নেত্রকোনা জেলার বারহাট্টা উপজেলার শেখ রাসেল মিনি স্টেডিয়ামে টুর্নামেন্টের আনুষ্ঠানিক উদ্বোধন করা হয়। বঙ্গবন্ধু গোল্ডকাপ ফুটবল টুর্নামেন্ট উপলক্ষে রাষ্ট্রপতি মোঃ

আবদুল হামিদ ও প্রধানমন্ত্রী শেখ হাসিনা পৃথক বাণী দিয়েছেন। সূত্র-**যুগান্তর** (পৃ.১১,ক.১), **ইত্তেফাক** (পৃ.১১,ক.২), **নিউজ টুডে** (পৃ.১৩,ক.৬) **নিউ নেশন** (পৃ.৭,ক.১)।

**সম্পাদকীয়**

**ক.** **ইত্তেফাক :** ঢাকার ফুটপাতের বিভিন্ন খুঁটিতে ইন্টারনেট, ডিশ, টেলিফোন, বিদ্যুতের সঞ্চালন লাইনগুলো একসাথে জড়িয়ে থাকায় তা ঝুঁকির কারণ হচ্ছে উল্লেখ করে অবিলম্বে এসব অবৈধ তার অপসারণে যথাযথ উদ্যোগ নেওয়ার সুপারিশ।

**খ.** **বণিক বার্তা :** দখল ও মানবসৃষ্ট দূষণের ফলে হালদা নদী থেকে কয়েক প্রজাতির মাছ এখন বিলুপ্তপ্রায় এ তথ্যে উদ্বেগ প্রকাশ করে হালদা নদী সংরক্ষণে কার্যকর উদ্যোগ নেওয়ার ওপর গুরুত্বারোপ।

**গ.** **যায়যায়দিন :** নিত্যপণ্যের বাজার আবার অস্থিতিশীল হয়ে উঠেছে উল্লেখ করে বাজার নিয়ন্ত্রণে যথাযথ পদক্ষেপ কামনা।

**ঘ.** **ভোরের কাগজ** : বৈশ্বিক সন্ত্রাসবাদ দমনে উল্লেখযোগ্য অগ্রগতির কারণে ২০১৮ সালের বৈশ্বিক সন্ত্রাসবাদ সূচকে (জিটিআই) বাংলাদেশ যুক্তরাষ্ট্রের চেয়েও পাঁচ ধাপ এগিয়ে গেছে এ তথ্যে সন্তোষ প্রকাশ করে এ অগ্রযাত্রা অব্যাহত থাকবে বলে প্রত্যাশা ব্যক্ত।

**ঙ.** **যুগান্তর :** আসন্ন নির্বাচনকে কেন্দ্র করে সহিংসতায় সারাদেশে গুলিবিদ্ধ হওয়াসহ ৮৫ জন আহত হওয়ায় উদ্বেগ প্রকাশ করে একটি সুষ্ঠু নির্বাচনের স্বার্থে এ অবস্থার দ্রুত নিরসনে কার্যকর পদক্ষেপ নেওয়ার দাবি।

**চ.** **নিউ এজ :** চকলেট, চুইংগাম, রেস্টুরেন্টের বিরিয়ানিতে কাপড়ে দেওয়ার রঙ ব্যবহার করা হয় এক প্রতিবেদনে তা প্রকাশিত হওয়ায় উদ্বেগ প্রকাশ করে জনস্বাস্থ্যের জন্য মারাত্মক ক্ষতিকর এ ধরনের কর্মকাণ্ডরোধে কঠোর ব্যবস্থা নেওয়ার সুপারিশ।

**ছ.** **ইন্ডিপেনডেন্ট :** বাল্যবিয়ে রোধে সামাজিক ও পারিবারিক সচেতনতার ওপর গুরুত্বারোপ।

**জ.** **নিউজ টুডে :** ক্যান্সার চিকিৎসা ব্যয়বহুল হওয়ায় দরিদ্র রোগীদের জন্য তা কষ্টসাধ্য উল্লেখ করে দরিদ্র ক্যান্সার রোগীদের জন্য স্বল্পমূল্যে চিকিৎসার ব্যবস্থা করার সুপারিশ।

**উপসম্পাদকীয়**

**ইত্তেফাক** পত্রিকায় প্রকাশিত কলামে উল্লেখ করা হয়েছে, তারুণ্যের শক্তিকে সর্বোচ্চ গুরুত্ব দিয়ে তরুণ প্রজন্মকে দেশের নেতৃত্বে সম্পৃক্ত করার প্রত্যয় নিতে হবে।

**নিবন্ধ ও ফিচার**

**সংবাদ** পত্রিকায় প্রকাশিত **‘উদ্বেগজনক হারে কমছে কৃষিজমি’** শিরোনামের নিবন্ধে উল্লেখ করা হয়েছে, খাদ্যে স্বয়ংসম্পূর্ণতা অর্জন ও পরিবেশ সংরক্ষণের লক্ষ্যে দেশে সংরক্ষিত কৃষিজমি ও বনভূমির পরিমাণ বাড়ানো প্রয়োজন।

#

ফাহিমা/মরজিনা/সাঈদা/রশীদ/মাসুম/২০১৮/৯.০০ঘন্টা